

# Meeting in Doha

August 31, 2021

## দোহায় বৈঠক

অগস্ট 31,2021

আজ কাতারে ভারতের রাষ্ট্রদূত, দীপক মিতাল, দোহাতে তালিবানের রাজনৈতিক দপ্তরের প্রধান শের মহম্মদ আব্বাস স্থানেকজাইয়ের সাথে বৈঠক করেছেন। তালিবানের পক্ষ থেকে অনুরোধক্রমে বৈঠকটি দোহাতে ভারতীয় দূতাবাসে অনুষ্ঠিত হয়েছে।

2. আলোচনার কেন্দ্রবিন্দু ছিল আফগানিস্থানে আটকে পড়া ভারতীয় নাগরিকদের নিরাপত্তা, সুরক্ষা এবং দ্রুত দেশে প্রত্যাবর্তনের উপরে। আফগান নাগরিকদের সফর নিয়ে, বিশেষত সংখ্যালঘুরা যারা ভারতে যেতে চান সেই বিষয়টিও উঠে এসেছে।

3. রাষ্ট্রদূত মিতাল ভারতের চিন্তার বিষয়কে উত্থাপন করে বলেছেন যে, কোনওভাবেই আফগানিস্থানের মাটিকে ভারত বিরোধি কার্যকলাপ এবং সন্ত্রাসমূলক কাজকর্মের জন্য ব্যবহার করা উচিত নয়।

4. এই বিষয়গুলির ইতিবাচক সমাধান করা হবে বলে তালিবানের প্রতিনিধি রাষ্ট্রদূতকে আশ্বস্ত করেছেন।

নিউ দিল্লি

অগস্ট 31.2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.